



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৩৭

তারিখ: ২৪-১১-২০২০ খ্রি.

বিষয়: ২০২০ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের নিবন্ধন/সংশোধন প্রসঙ্গে

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের প্রস্তাবিত নিবন্ধনে (শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জেডার) কোন ভুল থাকলে তা আগামী ২৫-১১-২০২০ খ্রি. তারিখ হতে ০৯-১২-২০২০ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের ০৩(তিন) জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনও পর্যন্ত নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারেননি তাদেরকে বিলম্ব ফিসসহ সোনালী সেবার মাধ্যমে নিবন্ধন কার্যক্রম করতে অনুরোধ করা হলো। সংশোধিত নিবন্ধনের হার্ডকপি উক্ত কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্বাক্ষরসহ তা বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে প্রয়োজন হলে সকল হার্ডকপি বোর্ড কর্তৃপক্ষ যাচাই করার জন্য নির্দেশ দিতে পারে। উক্ত তারিখের পর নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তার জন্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং সেজন্য সংশোধনের প্রয়োজন হলে তার কারণ ব্যাখ্যাসহ প্রধান শিক্ষককে তাঁর ব্যক্তিগত অর্থ হতে প্রয়োজনীয় ফিস দাখিল করে সংশোধন করতে হবে, এ অর্থ কোন শিক্ষার্থীর নিকট থেকে নেয়া যাবে না। উল্লেখ্য, বিদ্যালয়ের এ ভুলের জন্য প্রতি বছর উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থীকে নিবন্ধন সংশোধন বাবদ প্রয়োজনীয় ফিস দিয়ে আবেদন করতে হয়, অথচ এ ভুলের দায় স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের। শিক্ষকদের সমন্বয়ে গঠিত যাচাই কমিটির তালিকা স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। এ বিজ্ঞপ্তির পরও কোন ধরনের ভুল থাকলে প্রতিষ্ঠান প্রধানদের এমপিও বাতিলের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ করা হবে। অষ্টম শ্রেণিতে নিবন্ধনকৃত শিক্ষার্থীরাই কেবলমাত্র নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে।


উল্লেখ্য, নিবন্ধন সংশোধনের সুবিধার্থে নিবন্ধন কার্ড এর নমুনা কপি যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে। নিবন্ধন কার্ড এর নমুনা কপি (Temporary Registration Card) প্রিন্ট এবং সংযোজনের করার নিয়মাবলি নিচে দেয়া হলো:

1. Visit www.jessoreboard.gov.bd
2. Click Institute Panel (From Our Services)
3. Login With EIDN & Password
4. Click Temp. Reg. Card - JSC 2020 (From Left Side Menu)
5. Click Print

যে সকল শিক্ষার্থীর **Temporary Registration Card** পাওয়া যাচ্ছে না অথবা কোন প্রকার ভুল থাকলে **Student Management Software** থেকে **Add** বা **Edit** করে **Final Submit** দিয়ে পুনরায় **Temporary Registration Card** প্রিন্ট করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়



28/11/2020
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৮৬৩৪
তারিখ: ২৫-১১-২০২০ খ্রি.

স্মারক নং-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৩৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
(পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৭। সংরক্ষণ নথি।

Notice


28/11/2020
(এস এম রফিকুল ইসলাম)
উপ-বিদ্যালয় পরিদর্শক (অনু)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন নং- ০৪২১-৬৮৬২৭